

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬১৮

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل)

পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(صحيح لغيره) وَعَنْ أبي مالك الأشعري رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: إِنَّ فِي الْجَنَّةِ غُرَفًا يَرَى ظَاهِرُهَا مِنْ بَاطِنِهَا , وَبَاطِنُهَا مِنْ ظَاهِرِهَا ، أَعَدَّهَا اللَّهُ لِمَنْ أَطْعَمَ الطَّعَامَ وأفشى السلام ، ، وَصلَّى بِاللَّيْلِ وَالنَّاسُ نِيَامٌ ". رواه ابن حبان في صحيحه

বাংলা

৬১৮. (সহীহ লি গাইরিহী) আবু মালেক আশআরী (রাঃ) থেকে বর্ণিত। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "নিশ্চয় জান্নাতে কিছু ঘর আছে যার ভিতর থেকে বাইরে দেখা যায়। আর বাইরে থেকে ভিতরে দেখা যায়। আল্লাহ্ উহা প্রস্তুত করেছেন এমন লোকের জন্য যে (অভূক্ত) মানুষকে খাদ্য দান করে, সালামের প্রচার করে এবং রাতে মানুষ যখন ঘুমিয়ে থাকে তখন নামায আদায় করে।"

(ইবনে হিব্বান [ছহীহ়] গ্রন্থে হাদীছটি বর্ণনা করেছেন ৫০৯, তিরমিযি ৫৭৯)

(সহীহ লি গাইরিহী) জামাআতে নামায অধ্যায়ে ইবনে আব্বাসের হাদীছ উল্লেখ করা হয়েছে। তাতে বলা হয়েছেঃ

وَالدَّرَجَاتُ إِفْشَاءُ السَّلَامِ وَإِطْعَامُ الطَّعَامِ وَالصَّلَاةُ بِاللَّيْلِ وَالنَّاسُ نِيَامٌ

''উচ্চ মর্যাদা সমূহ হচ্ছেঃ সালামের প্রচার করা, খাদ্য দান করা এবং রাতে মানুষ যখন নিদ্রায় থাকে তখন নামায আদায় করা।''

(হাদীছটি তিরমিয়ী বর্ণনা করেছেন এবং তাকে হাসান বলেছেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ মালিক আল আশ্'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন